

তারিখ: ২৮/০৩/২০২০

সম্মানিত অভিভাবক,


আসসালামু আলাইকুম/শুভেচ্ছা। আশাকরি, সুস্থ ও নিরাপদে আছেন।

আপনি নিশ্চয় অবগত আছেন বিশ্বব্যাপী মহামারী নোভেল করোনা ভাইরাস (কোভিড ১৯) এর প্রাদুর্ভাব দ্রুত ছড়িয়ে পড়ায় এর প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে সরকার গত ১৭ মার্চ থেকে দেশের সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করেন। এ অনাকাঙ্ক্ষিত পরিস্থিতিতে ছাত্র-ছাত্রীদের পড়াশোনা চালিয়ে নেওয়ার জন্যে আমাদের শিক্ষকবৃন্দ গত ১৮ মার্চ থেকে WhatsApp Group এবং Online ক্লাস নেওয়ার মাধ্যমে O Level এবং A Level পরীক্ষার্থীদের সহযোগিতা করছেন। প্রাণঘাতী এ মহামারী পুরো পৃথিবীতে আরও ব্যাপক ও মারাত্মক আকার ধারণ করায় গত ২৩ মার্চ CAIE এক বিজ্ঞপ্তির মাধ্যমে মে-জুন ২০২০ সিরিজের সব পরীক্ষা বাতিল ঘোষণা করে evidence based Assessment এর মাধ্যমে ফাইনাল রেজাল্ট (Grade ও Certificate সহ) দেওয়ার শর্ত জুড়ে দেয়। এই রেজাল্ট চূড়ান্ত করার নিমিত্তে CAIE স্কুলগুলোর সাথে নিবিড়ভাবে কাজ করবে বলে জানিয়েছে। (CAIE কর্তৃক প্রেরিত বিজ্ঞপ্তি ও অভিভাবকদেরকে লেখা চিঠি এতদসঙ্গে সংযুক্ত করা হলো)

উদ্ধৃত পরিস্থিতিতে এ সময়োপযোগী প্রচেষ্টা তথা Online ক্লাসগুলোতে আপনার সন্তানের যথাসময়ে ও নিয়মিত উপস্থিত থাকা অত্যাবশ্যিক। আমরা ছাত্র-ছাত্রীদের উপস্থিতি ও সক্রিয় অংশগ্রহণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছি। ক্লাসে নিয়মিত উপস্থিতি CAIE বিশ্বের সব স্কুল থেকে প্রমাণস্বরূপ সংগ্রহ করবে যার উপর ভিত্তি করে O/A Level পরীক্ষার Prediction Grade নির্ধারিত হবে। এ ব্যাপারে আপনার আন্তরিক সহযোগিতা আমাদের একান্তভাবে কাম্য। আমাদের বিশ্বাস, স্কুলের এ মহৎ উদ্যোগে সাড়া দিয়ে ছাত্র-ছাত্রীরা যথাযথভাবে পড়ালেখা চালিয়ে যাচ্ছে যা CAIE'র নির্দেশনা অনুযায়ী আগামীতে তাদের আশানুরূপ রেজাল্ট করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। CAIE'র উক্ত নির্দেশনা অনুসরণ করে আগামী এপ্রিলের প্রথমার্ধে Online Assessment Test নেওয়ার সিদ্ধান্ত আমরা ইতোমধ্যে গ্রহণ করেছি। শীঘ্রই পরীক্ষার রুটিন প্রকাশ করা হবে।

পরিশেষে এ গভীর উদ্বেগ ও সংকটকালে সরকার ও CAIE কর্তৃক গৃহীত কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে জাতির এ ক্রান্তিকাল অতিক্রমে আমরা পরস্পরের সহযাত্রী হব, এ কামনা করছি।

ধন্যবাদান্তে,



লে. কর্নেল (অব.) মো. জিয়াউদ্দিন আহমেদ; বীর উত্তম

অধ্যক্ষ

প্রেসিডেন্সি ইন্টারন্যাশনাল স্কুল